দৈনিক ইত্তেফাক

104-A
তারিখ 11 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

ঢাকা ৫৭ • কুমিল্লা ৫১ • রাজশাহী ৩৪ • যশোর ২৯ ভাগ

# এইচ এস সি পরীক্ষায় পাসের হার ৪৪ ভাগ

(ইত্তেফাক রিপোর্ট)

দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮৮ সালের এইচ এস সি পরীক্ষার ফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হইয়াছে। ৪টি বোর্ডের চেয়ারম্যানগণ ফলাফলসম্বলিত পুস্তক শিক্ষা এবং সেচ ও পরিসম্পদমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদের নিকট অর্পণ করেন। ৪টি বোর্ডে মোট ২ লক্ষ ৯৭ হাজার ১ শত ২০ জন পরীক্ষার্থী এইচ এস সি পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ১ লক্ষ ৩১ হাজার ৩১ জন পাস করে। পাসের হার শতকরা ৪৪ দশমিক ১০। রাজশাহী ক্যাডেট কলেজের মোঃ সাইফুল ইসলাম (৭ম পৃঃ দ্রঃ)


এইচ এসসি পরীক্ষার বিস্তারিত ফলাফল ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪ পাতায়। শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন ১৫ ও ১৬ পাতায়।

## চার বোর্ডে শীর্ষে সাইফুল ইসলাম

(ইত্তেফাক রিপোর্ট)

মোঃ সাইফুল ইসলাম ৪ বিষয়ে লেটারসহ ৯৫৬ নম্বর পাইয়া ৪ বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হইয়াছে। রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র সাইফুল এস, এস, সিতেও ৪ বোর্ডের মধ্যে প্রথম (৭ম পৃঃ দ্রঃ)





গর্বিত মা-বাবার সাথে তাপস —ইত্তেফাক

## তাপস ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ও বিজ্ঞান শাখায় প্রথম স্থান অধিকারী ঢাকা কলেজের (৭ম পৃঃ দ্রঃ)



## ঢাকা বোর্ডে মানবিক শাখায় প্রথম তুরিন আফরোজ

(ইত্তেফাক রিপোর্ট)

হলিক্রস কলেজের ছাত্রী তুরিন আফরোজ ঢাকা বোর্ডের মানবিক (শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)



## জিয়া যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম

ঝিনাইদহ সংবাদদাতা জানান: যশোর বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে (২য় পৃঃ দ্রঃ)



## কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম মুনাজ আহমেদ

কুমিল্লা সংবাদদাতা জানান, ১৯৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ফৌজদার ক্যাডেট কলেজের (শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সম্মিলিত মেধা তালিকা

(ইত্তেফাক রিপোর্ট)

এবারের এইচ, এস, সি পরীক্ষায় ঢাকা কুমিল্লা যশোর ও রাজশাহী বোর্ডে সম্মিলিত মেধা তালি- (৭ম পৃঃ দ্রঃ)

### যশোর বোর্ড

(ইত্তেফাক রিপোর্ট)

যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকা নিম্নে প্রদত্ত হইল:

১ম—মোঃ জিয়া হাসান চৌধুরী (রোল-৭), ঝিনাইদহ ক্যাডেট কলেজ, মোট নম্বর ৯১৩ গ প র (৭ম পৃঃ দ্রঃ)

### কুমিল্লা বোর্ড

(ইত্তেফাক রিপোর্ট)

কুমিল্লা বোর্ডের সম্মিলিত মেধা তালিকা নিম্নে প্রদত্ত হইল:

১ম-মুনাজ আহমেদ নুর (রোল ৩৯১৬০), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৯০১, গপরপ্র। ২য়-হাসিব মোহাম্মদ শাকুর (৩৯১৫২), ফৌজ- (৭ম পৃঃ দ্রঃ)

### ঢাকা বোর্ড

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকা নিম্নে প্রদত্ত হইল:

১ম-মোঃ জাহিদ হাসান (রোল ৭১৯১), ঢাকা কলেজ, মোট নম্বর ৯৫০, পদা, রসা, গ, পরি। ২য়-আশিকুর রহমান (২৭৮৮৮), মির্জাপুর ক্যাডেট কলেজ, ৯২৭, (৭ম পৃঃ দ্রঃ)

### রাজশাহী বোর্ড

(ইত্তেফাক রিপোর্ট)

রাজশাহী বোর্ডের সম্মিলিত মেধা তালিকা নিম্নে প্রদান করা হইল:

১ম-মোঃ সাইফুল ইসলাম (রোল ২৫), রাজশাহী ক্যাডেট কলেজ, মোট নম্বর ৯৫৬ গ র গ প্র। ২য়-মোঃ মাহবুব আলম (৩০), রাজশাহী (৭ম পৃঃ দ্রঃ)

### জিয়া: যশোর বোর্ড

(১ম পৃঃ পর)

ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র ক্যাডেট মোঃ জিয়া হাসান চৌধুরী (রোল ক্যাডেট নং-৭)। সে গণিত, পদার্থ, রসায়ন, প্রকৌশল অংকণে লেটারসহ মোট ৯১৩ নম্বর পাইয়াছে। তাহার পিতা মোঃ জহুরুল হক কুষ্টিয়া টেকনিক্যাল স্কুলের অধ্যক্ষ। জিয়া ভবিষ্যতে একজন গর্বিত সৈনিক হইতে ইচ্ছুক। সে দৈনিক ৫/৬ ঘন্টা করিয়া নিয়মিত পড়াশুনা করিত।

দৈনিক ইত্তেফাক

ডকুমেন্টেশন কেন্দ্র

104-C

তারিখ 11 NOV 1988

পৃষ্ঠা… … … …কলাম… … …

## ৪ বোর্ডের সম্মিলিত

(১ম পৃঃ পর)

হইয়াছিল। ব্যবসায়ী কাজী মোহাম্মদ নূরনবী ও মিসেস সালেহা বেগমের জ্যেষ্ঠ পুত্র সাইফুল পদার্থ বিজ্ঞানের উপর উচ্চতর ডিগ্রী লাভ করিতে ইচ্ছুক। কলেজের নির্দিষ্ট ক্লাস রুটিনের বাহিরে সে দৈনিক ৪/৫ ঘন্টা পড়াশুনা করিয়াছে। সাইফুলের মতে নিয়মিত পড়াশুনায় লাগিয়া থাকিলেই ভাল রেজাল্ট করা সম্ভব। কবিতা, উপন্যাস পড়া সাইফুলের একটি প্রিয় বিষয়। সাইফুলের মন্তব্য: ভোটের অধিকার পাওয়ার বয়স হইতেই ছাত্রদের রাজনীতি করা উচিত। কারণ এই সময় ছাত্রদের মধ্যে গঠনমূলক কিছু করার স্পৃহা জাগে। নোয়াখালীর বেগমগঞ্জের ছেলে সাইফুলের প্রিয় দল মোহামেডান।

## তাপস

(১ম পৃষ্ঠার পর)

ছাত্র মো: জাহিদ হাসান (তাপস) নিউক্লিয়ার ফিজিক্স বিষয়ে তাত্ত্বিক গবেষক হইতে চাহে। ৪ বিষয়ে লেটার সহ তাপসের প্রাপ্ত নম্বর ৯৫০। বাংলাদেশ কৃষক লীগের সভাপতি এডভোকেট মো: রহমত আলী ও নাদিরা রহমানের জ্যেষ্ঠ পুত্র তাপস এস, এস, সিতে দ্বিতীয় স্থান অধিকার করিয়াছিল। এইচ, এস, সি'র এই সাফল্যের জন্য সে দৈনিক ১০ হইতে ১২ ঘন্টা নিয়মিত পড়াশুনা করিয়াছে। সে সব বিষয়েই বিভিন্ন শিক্ষকের বাসায় 'ব্যাচে' প্রাইভেট পড়িয়াছে।

তাপসের মতে, পড়াশুনাকে আকর্ষণীয় বিষয় হিসাবে নিলেই একজন ছাত্রের আশাতীত সাফল্য লাভ সম্ভব। তাপস অবসর সময়ে বিজ্ঞানের বইপত্র পড়াশুনা করে। ইতিমধ্যে তাপসের লেখা 'এসো ধূমকেতুর রাজ্যে' নামক একটি বই প্রকাশিত হইয়াছে। সভ্যতার মেটারিয়াল রিয়ালিটি সম্পর্কে অধিক জ্ঞান অর্জনের জন্য সে নিউক্লিয়ার ফিজিক্স পড়িতে আগ্রহী। একজন কৃতী ছাত্র হিসাবে তাপস চ্যান্সেলর পুরস্কার, বৃটেন প্রবাসী বাংলাদেশী ছাত্র পরিষদের বছরের সেরা ছাত্র হিসাবে 'বাংলাদেশ ন্যাশনাল ষ্টুডেন্টস এওয়ার্ড', ধানমণ্ডি গভঃ বয়েজ হাইস্কুলের স্বর্ণপদক এবং লায়ন্স ইন্টারন্যাশনাল কর্তৃক 'সার্টিফিকেট অব মেরিট' লাভ করিয়াছে। ছাত্র রাজনীতি সম্পর্কে তাপসের মন্তব্য 'কলেজের নেতাদের সাথে মিশে দেখেছি কেন রাজনীতি করতে হবে তারা বোঝাতে পারছেন না তাই কখনও রাজনীতিতে জড়াইনি'। তবে দেশের প্রয়োজনে ছাত্রদের অবশ্যই সুস্থ রাজনীতি করতে হবে'। ব্যাডমিন্টন, টেবিল টেনিস তাপসের প্রিয় খেলা। তাপস মোহামেডানের সাপোর্টার।

## সম্মিলিত মেধা তালিকায়

(১ম পৃঃ পর)

কায় যাহারা ১ম হইতে ২০তম স্থান অধিকার করিয়াছে তাঁহাদের নাম রোল নম্বর ও প্রাপ্ত নম্বর নিম্নে প্রদান করা হইল:

## কুমিল্লা বোর্ড

(১ম পৃঃ পর)

দারহাট ক্যাডেট কলেজ, ৮৯৩, গ প র প্র। ৩য়-ইকবাল মুর্শেদ কবীর (৩৯১৩৭), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৮৮, গপরজী। ৪র্থ-আখতার শহীদ (৩৯১৫৭), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৮৪, গপরপ্র। ৫ম-রায়হান কিবরিয়া (৩০৮৪১), কুমিল্লা ক্যাডেট কলেজ, ৮৮১, গপরজী। ৬ষ্ঠ-আবুল কালাম সারোয়ার (৬৪৫৬৭), সিলেট ক্যাডেট কলেজ, ৮৮০, গপরপরি। ৭ম (যুগ্মভাবে)-মোহাম্মদ এনামুল ভূঞা (৩৮১৮৫), কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ, ৮৭৩, গপরপ্র এবং আলাউদ্দিন আহমদ (৩৮৪৭১), চট্টগ্রাম কলেজ, গপরজী। ৮ম আবু খালিদ মো: মঈনুদ্দিন (৩৯১৫৪), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৭১, গপরপ্র। ৯ম-আবু ঈসা মোহাম্মদ মাঈনউদ্দিন (৩৯১৫৩), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৬১, গ প র প্র। ১০ম-মো: মাজহার উল ইসলাম (৩৯১৬৪) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৬০, গপরপ্র। ১১তম-মো: সাফফাত উদ্দিন কাশেম (৩৯১৩৩), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৫৯, গপরজী। ১২ তম (যুগ্মভাবে) মো: শিহাব আবুল খায়ের (৩৯১৪৪), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৫৮, গপরজী এবং শান্তনু দত্ত (৩৮৪৮১) চট্টগ্রাম কলেজ, গপর। ১৩তম (যুগ্মভাবে)-আবু হেনা মোহাম্মদ তারেক ইকবাল (৩৮৬৯১), চট্টগ্রাম কলেজ, ৮৫৫, গপরপরি এবং মোহাম্মদ রকিবুল ইসলাম (৩৯১৩৬) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, গপরজী। ১৪তম (যুগ্মভাবে)-মো: ফররুখ আলম (৩৯১৬২), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৫১, গপরপ্র এবং মো: মাজেদুল কবির (৩৯১৭২), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, গপরপ্র। ১৫তম-ইমরান মতিন (৩৯১৭৩), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ৮৫০, গ প র প্র। ১৬তম (যুগ্মভাবে)-গাজী নাজমুল হক রহমানী (৩৯১৭০), ফৌজদারহাট ক্যাডেট কলেজ, গ প র প্র, এ, কে, এম, জাকির হোসেন (৩০৮৫৪), কুমিল্লা ক্যাডেট কলেজ, গ প র প্র এবং শাহ হাবিবুর রহমান (৬৪৫৫৭), সিলেট ক্যাডেট কলেজ, গ প র। ১৭তম-ফরহাদ হোসেন মোহাম্মদ শাহেদ (৩৮৪৭২), চট্টগ্রাম কলেজ, ৮৩৯, গপরজী। ১৮-তম মোহাম্মদ আবু নাসের সিদ্দিক (৩৮৪৭৬), চট্টগ্রাম কলেজ, ৮৩৬, গ প র। ১৯ তম-মো: আহমেদুর রহমান (৩০২৪৬), ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ, ৮৩৫, গপর। ২০তম-নিশাত হক (৩৮৭৮৯), চট্টগ্রাম কলেজ, ৮৩৪, গপপরি।